গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
বন্টন শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০৪.২৩.৪৮৭ তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০
১০ জুলাই ২০২৩

বিষয়: **মাননীয় প্রধানমন্ত্রী এবং বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনায় জুলাই'২০২৩ মাস হতে টিসিবি'র ফ্যামিলি কার্ডধারী ০১ (এক) কোটি উপকারভোগী পরিবারের নিকট ভর্তুকি মূল্যে টিসিব'র চিনি, মসুর ডাল ও ভোজ্য তেলের সাথে খাদ্য অধিদপ্তরের চাল বিক্রি**

সূত্র: ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর ০৫.০৭.২০২৩ তারিখের ৪৩১ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী এবং বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনায় জুলাই'২০২৩ মাস হতে টিসিবি'র ফ্যামিলি কার্ডধারী ০১ (এক) কোটি উপকারভোগী পরিবারের নিকট ভর্তুকি মূল্যে টিসিব"র চিনি, মসুর ডাল ও ভোজ্য তেলের সাথে খাদ্য অধিদপ্তরের চাল বিক্রি বিষয়ে সূত্রস্থ স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে সূত্রস্থ পত্রের নির্দেশনা মোতাবেক জরুরিভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১ (এক) পাতা। (11408/potrojariAttachmentRef/71434/0/82)

১০-৭-২০২৩
তপন কুমার দাস
পরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০
ইমেইল: dsdm@dgfood.gov.bd

বিতরণ :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
২) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০৪.২৩.৪৮৭/১(১৩) তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০
১০ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, প্রশাসন/ সবরি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪) উপসচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়
৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর
৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

১০-৭-২০২৩
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সবকি পরিচালকের দপ্তর
উপ-পরিচালক, বণ্টন ও বিপণন
উপ-পরিচালক, সরবরাহ
ডাইরী নং ১৪৬৫
০৭/৭/২৩
পরিচালক

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে

# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.tcb.gov.bd

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
অতি জরুরী

নং-২৬.০৫.০০০০.০২৩.০১১.৪৯৫.২৩.৪৩১ তারিখঃ ০৫-০৭-২০২৩ খ্রিঃ

বিষয়ঃ **মাননীয় প্রধানমন্ত্রী এবং বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনায় জুলাই'২০২৩ মাস হতে টিসিবি'র ফ্যামিলি কার্ডধারী ০১ (এক) কোটি উপকারভোগী পরিবারের নিকট ভর্তুকি মূল্যে টিসিবি'র চিনি, মসুর ডাল ও ভোজ্য তেলের সাথে খাদ্য অধিদপ্তরের চাল বিক্রি প্রসঙ্গে।**

সূত্রঃ (১) বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১১৩.৬০.০০২.২২.২৮৩(১); তারিখ ১১-০৬-২০২৩ খ্রিঃ
(২) খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.২২.১২৯; তারিখ ০৮-০৬-২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থ বছরের জুলাই'২০২৩ মাস হতে টিসিবি'র ফ্যামিলি কার্ডধারী ০১ (এক) কোটি উপকারভোগী পরিবারের নিকট চিনি, মসুর ডাল ও ভোজ্য তেলের সাথে খাদ্য অধিদপ্তরের চাল বিক্রির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যা ১৬ জুলাই'২০২৩ খ্রিঃ শুরু হতে যাচ্ছে। বর্ণিত বিষয়ে আঞ্চলিক কার্যালয় ও টিসিবি'র ডিলারগণের করণীয় নিম্নরূপ :-

(১) প্রতি মাসে টিসিবির বিক্রির কার্যক্রম শুরুর তারিখের কমপক্ষে ০৫ (পাঁচ) দিন পূর্বে ডিসি অফিস/ইউএনও অফিস/টিসিবি আঞ্চলিক কার্যালয় (যেখানকার জন্য প্রযোজ্য) কর্তৃক পণ্য বিক্রির ডিলার নির্বাচন করে বরাদ্দের পরিমাণ ও বিক্রির স্থান উল্লেখপূর্বক তালিকা টিসিবি আঞ্চলিক কার্যালয় ও সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে প্রেরণ করতে হবে;

(২) টিসিবি কর্তৃক পণ্যের বরাদ্দপত্র তৈরি করে সকল বিভাগীয় কমিশনার, ডিসি অফিস, জেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(৩) টিসিবির ডিলারগণ বরাদ্দপত্র মোতাবেক ব্যাংকে নির্ধারিত পরিমাণ টাকা জমাদান পূর্বক ডিসি অফিসের গুদাম বা টিসিবির গুদাম হতে বরাদ্দকৃত পণ্য নিয়ে তাঁদের নিজস্ব বিক্রয় কেন্দ্রে বা দোকানে সংরক্ষণ করবেন;

(৪) খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিস তাদের ডিলারগণের মাধ্যমে ডিসি অফিস/ ইউএনও অফিস/টিসিবি কার্যালয় হতে প্রাপ্ত তালিকা মোতাবেক খাদ্য অধিদপ্তরের গুদাম হতে চাল উত্তোলন করে টিসিবির ডিলারের দোকানে পৌঁছে দিবেন, পরবর্তীতে টিসিবির ডিলারগণ চাল ওজন করে বুঝে নিয়ে সরকার নির্ধারিত কমিশন বাদ দিয়ে যে পরিমাণ চাল বুঝে পেয়েছে, সে পরিমাণ চালের মূল্য বাবদ নগদ টাকা খাদ্য অধিদপ্তরের ডিলারদের বুঝিয়ে দিতে হবে;

(৫) চাল বুঝে নেয়ার সময় আপাতদৃষ্টিতে গুণগতমাণ খারাপ মনে হলে টিসিবির ডিলারগণ ডিসি অফিস, সংশ্লিষ্ট খাদ্য অফিস ও টিসিবি'র সংশ্লিষ্ট অফিসকে অবহিত করবেন, কোনক্রমেই খারাপ/নিম্নমানের পণ্য গ্রহণ করা যাবে না;

(৬) চাল বুঝে নেয়ার সময় ওজন বা অন্য কোন ধরণের গড়মিল পরিলক্ষিত হলে সাথে সাথে ট্রাক চালানের গায়ে লিখে দিয়ে বিক্রি কার্যক্রম শুরু করতে হবে;

(৭) টিসিবির ডিলারগণ সকল পণ্য সমন্বয় করে সরকার নির্ধারিত সাশ্রয়ী মূল্যে বিক্রি করবেন এবং নির্ধারিত হারে কমিশন প্রাপ্ত হবেন;

(৮) পণ্য অবিক্রিত থাকলে ডিলারগণ সংশ্লিষ্ট ডিসি অফিস/আঞ্চলিক কার্যালয়কে অবহিত করবেন;

(৯) টিসিবি'র ডিলারগণ নিজ গুদামের সক্ষমতার পাশাপাশি অতিরিক্ত আনুমানিক ৫ মেঃ টন চাল মজুদ করার মত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবেন।

০২। এমতাবস্থায়, উপরোক্ত করণীয়সমূহ এবং সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত বাণিজ্য মন্ত্রণালয় ও খাদ্য মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ তাঁর নিয়ন্ত্রণাধীন সকল ডিলারদের নিকট প্রেরণ ও সকল শর্তাবলী/ সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালনের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তঃ** বর্ণনামতে।

০৫/০৭/২০২৩
(খন্দকার নূরুল হক)
উপসচিব
অতিরিক্ত পরিচালক (সিএমএস ও বিওবি) (প্রতিকল্প)

**প্রাপকঃ**

১। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/মৌলভীবাজার/ময়মনসিংহ।
২। অফিস প্রধান, টিসিবি ক্যাম্প অফিস, কুমিল্লা/মাদারীপুর/ঝিনাইদহ/বগুড়া।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আবদুল গণি রোড, ঢাকা।
৫। যুগ্মসচিব (আইআইটি-২/১), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেলা প্রশাসক (সকল)………………… জেলা।
৭। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৮। উপসচিব (অবা-৩ শাখা), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। পিএস টু চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।